জরুরি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১৪.৩২.০০৪.২১.২০৪

তারিখ: ৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

বিষয়: **আগামী সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্প তথ্য মনিটরিং এর জন্য তৈরীকৃত Scheme Information Management System (SiMS) of BWDB সফটওয়্যার ব্যবহার এবং আগামী ২৬.১২.২০২২খ্রিঃ এর পূর্বেই প্রকল্প সংশ্লিষ্ট তথ্য/অগ্রগতি জরুরিভিত্তিতে এন্ট্রি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১২ ডিসেম্বর, ২০২২ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জনাব শেখ হাসিনা এম.পি. এর কাছ থেকে Scheme Information Management System (SIMS) সফটওয়্যার তৈরি ও বাস্তবায়নের জন্য জাতীয় পর্যায়ে কারিগরি ক্যাটাগরিতে সরকারি শ্রেষ্ঠ দল হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সমন্বিত দল ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ লাভ করেছেন। উক্ত কাজে সংশ্লিষ্ট মাঠ পর্যায় ও কেন্দ্রীয় পর্যায়ের সকলের প্রতি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

SIMS সফটওয়্যারের ব্যবহার চলমান রাখার লক্ষ্যে আগামী মাসিক সমন্বয় সভাগুলোতে উক্ত সফটওয়্যার হতে রিপোর্ট তৈরি এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর প্রেক্ষিতে, যে সকল দপ্তর এখনও সফটওয়্যারটিতে তথ্য এন্ট্রি সম্পন্ন করেননি সে সকল দপ্তরকে আগামী ২৬.১২.২০২২খ্রিঃ এর পূর্বে আবশ্যিকভাবে এডিপিভুক্ত প্রকল্প সংশ্লিষ্ট তথ্য/অগ্রগতির বিবরণ জরুরিভিত্তিতে এন্ট্রি প্রদান সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। উক্ত কাজে সকল জোনের প্রধান প্রকৌশলীগণকে নিজ নিজ অধিক্ষেত্রের চলমান এডিপিভুক্ত প্রকল্পের অগ্রগতি ইনপুট প্রদান প্রক্রিয়া পর্যবেক্ষণ এবং প্রক্রিয়া চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

বিষয়টি অতীব জরুরী।

২১-১২-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/
ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট ও প্রকল্প পরিচালক, সকল।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১৪.৩২.০০৪.২১.২০৪/১(৪২)

তারিখ: ৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পানি উন্নয়ন বোর্ড।

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৫) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৭) নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।

৮) নির্বাহী প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) জনাব মুহাম্মদ শহিদ শিকদার, প্রোগ্রামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



২১-১২-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌবে

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)